

## হ্যাকাথন

সম্প্রতি ৬-৮ মে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (ইন্ডিয়ান স্কুল অফ মাইনস) ধানবাদে হ্যাকাথন অনুষ্ঠিত হল। এই ‘হ্যাকফেস্ট’ প্রায় ৭৫৬টি টিম অংশগ্রহণ করে। জীবনের নানা পরিস্থিতিতে কীভাবে টেকনোলজির দ্বারা উদ্ভাবনী সমাধান সম্ভব সে ব্যাপারেই ছাত্রছাত্রীদের অনুপ্রাণিত করা হল। টেকনোলজি আজকের দিনে এগিয়ে যাওয়ার অন্যতম পথ।

সেই লক্ষ্যেই এত বড় পদক্ষেপ। এই ন্যাশনাল প্ল্যাটফর্মে ছাত্রছাত্রীরা তাদের আইডিয়া তুলে ধরে। বি পি পোদ্দার ইনস্টিটিউট অফ



ম্যানেজমেন্ট ও টেকনোলজি, কলকাতা থেকে ‘টিম ইনকগনিটো’ অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিল। পতিত জমিকে টেকনোলজির (IOPONICS) মাধ্যমে কীভাবে ব্যবহারযোগ্য করে তোলা যায় সেটা তারা তুলে ধরে দ্বিতীয় স্থান অর্জন করে।